# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

## নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

সূত্র নং: জাককানইবি/রেজি:/বিজনি/১১৫১/২০১৮/১৭২২

তারিখঃ ০১/০৭/২০২১ইং

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী/অস্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স (বছর) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রার<br>বেতন স্কেল-৩য় গ্রেড (৫৬৫০০-৭৪৪০০/-) | ০১টি | অনূর্ধ্ব ৫০ বছর | **শিক্ষাগত যোগ্যতা ঃ**<br>৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/বি গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে যে কোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অভিজ্ঞতা ঃ<br>ক) বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ১৪ বছরের প্রশাসনিক অভিজ্ঞতা, তন্মধ্যে ডেপুটি রেজিস্ট্রার/সমমানের পদে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>খ) অতি মেধাবী ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০২ | সহযোগী অধ্যাপক<br>বেতন স্কেল-৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০/-)<br>ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ | ০১টি | | **শিক্ষাগত যোগ্যতা ঃ**<br>প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ পিএইচডি/সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ এম ফিল/সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>অভিজ্ঞতা ঃ<br>ক) পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় অথবা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ০৮ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে ০৩টি সহকারী অধ্যাপক হিসাবে। অথবা সরকারি গবেষণা সংস্থা/আধা-সরকারি প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা ও শিক্ষা সংক্রান্ত গবেষণা কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে ০৩টি সহকারী অধ্যাপক/সমমানের পদে।<br>খ) এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় অথবা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১০ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৬টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে ০৪টি সহকারী অধ্যাপক হিসাবে। অথবা সরকারি গবেষণা সংস্থা/আধা-সরকারি প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা ও শিক্ষা সংক্রান্ত গবেষণা কাজে কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৬টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে ০৪টি সহকারী অধ্যাপক/সমমানের পদে।<br>গ) বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত আংশিক শিথিল করা যেতে পারে।<br>ঘ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নয়। |
| ০৩ | প্রভাষক<br>বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-)<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-০২টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী-০১টি, শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী-০১টি)<br>আইন ও বিচার বিভাগ-০১টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী) | ০৩টি | | ক) প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>খ) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে; স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তরে প্রথম শ্রেণী/জিপিএ ৩.৫০ গ্রেড (৪.০০ ও ৫.০০ উভয় স্কেলে) অবশ্যই থাকতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>(সংশ্লিষ্ট বিষয় বলতে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ এর ক্ষেত্রে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট বিষয় বুঝাবে)। |

শর্তাবলী ঃ

০১। আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ বরাবরে আগামী ০১/০৮/২০২১ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd ভিজিট করুন।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে ঃ
- (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি।
- (খ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের অনুলিপি।
- (গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।
- (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
- (ঙ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৩। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ ও ০২ পদের জন্য ৮০০/-টাকা এবং ক্রমিক নং ০৩ পদের জন্য ৬০০/-টাকার (অফেরযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৮। উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যহৃত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৯। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


১৩। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

১৪। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

১৫। বিশেষ যোগ্যতা বলতে সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/পিএইচডি অথবা স্বীকৃত প্রকাশনালয় থেকে প্রকাশিত গ্রন্থ, কিংবা সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত জার্নালে প্রকাশিত একক নামে এক বা একাধিক আর্টিকেল, কিংবা স্বীকৃত সংস্থা কর্তৃক জাতীয় পুরস্কার প্রাপ্তিকে বোঝাবে এ ছাড়াও বিশেষ যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে নিয়োগ কমিটির সম্পূর্ণ অধিকার থাকবে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে।

১৬। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে



(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
ফোন ঃ ০৯০৩২-৫৬২৭২